

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫১৭

১/ বিবিধ

আরবী

أكثرُوا ذكرَ الله حتى يقولوا: مجنون
ضعيف

أخرجه الحاكم (1 / 499) وأحمد (3 / 68) وعبد بن حميد في " المنتخب من المسند " (102 / 1) والثعلبي في " التفسير " (3 / 117 - 118) وكذا الواحدي في " الوسيط " (3 / 230 / 2) وابن عساكر (6 / 29 / 2) عن دراج أبي السمح عن أبي الهيثم عن أبي سعيد الخدري مرفوعا. وقال الحاكم: " صحيح الإسناد ". كذا قال! وأما الذهبي فقد سقط الحديث من " تلخيصه " المطبوع مع " المستدرک " فلم يتبين لي هل تعقبه أم أقره، والأحرى به الأول الأمرين

أحدهما: أنه الذي نعهده منه في غير ما حديث من أحاديث دراج التي صححها الحاكم، فإنه يتعقبه بدراج، ويقول فيه " إنه كثير المناكير " وقد مضى أحدها برقم (294). . والآخر: أنه أورد دراجا أبا السمح في " الميزان " فقال: " قال أحمد: أحاديثه مناكير ولينه، وقال يحيى: ليس به بأس. وفي رواية: ثقة. وقال فضلك الرازي: ما هو ثقة ولا كرامة. وقال النسائي: منكر الحديث. وقال أبو حاتم: ضعيف. وقد ساق ابن عدي له أحاديث وقال: عامتها لا يتابع عليها ". وقد ساق له الذهبي من مناكيره أحاديث، هذا أحدها. ومنه تعلم أن تحسين الحديث كما فعل الحافظ فيما نقله المناوي عنه غير حسن. والله أعلم

৫১৭। তোমরা আল্লাহকে বেশী বেশী স্মরণ কর। যাতে করে তারা (মুনাফিকরা) বলে যে, তোমরা পাগল।

হাদীছটি দুর্বল।

এটি হাকিম (১/৪৯৯), ইমাম আহমাদ (৩/৬৮), আবু ইবনু হুমাঈদ "আল-মুনতাখাব মিনাল মুসনাদ" (১/১০২) গ্রন্থে, আছ-ছালাবী "আত-তাফসীর" (৩/১১৭-১১৮) গ্রন্থে, অনুরূপভাবে আল-ওয়াহেদী "আল-ওয়াসীত" (৩/২৩০/২) গ্রন্থে এবং ইবনু আসাকির (৬/২৯/২) দাররাজ আবুস সামহে সূত্রে আবুল হায়ছম হতে তিনি আবু সাঈদ খুদরী হতে মারফু হিসাবে বর্ণনা করেছেন। অতঃপর হাকিম বলেছেনঃ সনদটি সহীহ।

যাহাবী তার সমালোচনা করেছেন, নাকি তাকে সমর্থন করেছেন, তা আমার নিকট স্পষ্ট হয়নি। তবে তিনি দুর্বল বলেছেন এরূপই তার কথায় মিলছে দুটি কারণেঃ

১। এই দাররাজের এ হাদিসটি ছাড়া অন্য হাদীছগুলোর ক্ষেত্রে যখন হাকিম সহীহ বলেছেন, তখন তিনি দাররাজকে উল্লেখ করে তার (হাকিমের) সমালোচনা করে বলেছেন যে, তার বহু মুনকার হাদীছ রয়েছে। (২৯৪) নম্বরে একটি সম্পর্কে আলোচনা করা হয়েছে।

২। তার সম্পর্কে তিনি "আল-মীযান" গ্রন্থে বলেছেনঃ ইমাম আহমাদ বলেছেনঃ তার হাদীছগুলো মুনকার এবং দুর্বল। ইয়াহইয়া বলেনঃ তার ব্যাপারে কোন সমস্যা নেই। তার থেকে অন্য এক বর্ণনায় এসেছেঃ তিনি নির্ভরযোগ্য। নাসাঈ বলেনঃ তিনি মুনকারুল হাদীছ। আবু হাতিম বলেনঃ তিনি দুর্বল। ইবনু আদী তার কতিপয় হাদীছ উল্লেখ করে বলেছেনঃ তার অধিকাংশ হাদীছ অনুসরণ যোগ্য নয়।

ইমাম যাহাবী তার কতিপয় মুনকার হাদীছ উল্লেখ করেছেন। এটি সেগুলোর একটি। এ থেকে স্পষ্ট হচ্ছে যে, হাফিয কর্তৃক হাদীছটিকে হাসান বলা সঠিক হয়নি। যেমনটি তার থেকে মানবী নকল করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71396>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন